


সারের মাত্রা ও সার প্রয়োগ পদ্ধতি: ফলন বেশী পেতে হলে সঠিক সময়ে সঠিক পরিমাণ সার প্রয়োগ করতে হবে। জৈব সার প্রয়োগে মাটির গুনাগুন বৃদ্ধি পায় ও ফলন বেশী হয়। রসুনের জন্য প্রতি বিঘাতে নিম্নোক্ত হারে সার প্রয়োগ করতে হবে।

সার	মোট পরিমাণ	শেষ চাষের সময় প্রয়োগ	পরবর্তী পরিচর্যা হিসাবে প্রয়োগ	
			১ম কিস্তি	২য় কিস্তি
গোবর/কম্পোস্ট	৬৭৫ কেজি	সব	-	-
ইউরিয়া	৩০ কেজি	১৫ কেজি	৭.৫ কেজি	৭.৫ কেজি
টিএসপি	৩৬ কেজি	সব	-	-
এমওপি	৪৪ কেজি	২২ কেজি	১১ কেজি	১১ কেজি
জিপসাম	১৫ কেজি	সব	-	-

সম্পূর্ণ গোবর, টিএসপি, অর্ধেক এমওপি, জিপসাম, অর্ধেক ইউরিয়া জমি তৈরীর সময় মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া ও এমওপি দুই কিস্তিতে সমান ভাগে যথাক্রমে রসুন রোপনের ২৫ দিন এবং ৫০ দিন পর জমিতে দিতে হবে। পূর্বে জমিতে ছাই প্রয়োগ করলে মাটি আলগা থাকে এবং ফলন বেশী হয়।

  
(মোহাম্মদ মতিন আকন্দ)  
বৈজ্ঞানিক কর্মকর্তা

আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর

ফোন : ০১৯১২৬৬৮০২৪